গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

স্মারক নং-১০.০০.০০০০.১২৯.০৬.০০৪.২০. ২২৯

তারিখঃ ১৫ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ / ২৯ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সরকারের সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা-০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১-১২৪, তারিখ: ২৯.০৩.২০২১ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সূত্রোক্ত প্রজ্ঞাপনের সিদ্ধান্তসমূহ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আপাততঃ ০২ (দুই) সপ্তাহ পর্যন্ত যথাযথভাবে পরিপালন করার জন্য আইন ও বিচার বিভাগ এবং এর আওতাধীন প্রতিষ্ঠান ও দপ্তরসমূহকে অনুরোধ করা হলো।

সংযুক্ত: সূত্রোক্ত পত্র।

(তৈয়বুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
Email : section5@lawjusticediv.gov.bd
ফোন: ৯৫৭৭৪২০

**কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১. যুগ্মসচিব (প্রশাসন-২), আইন ও বিচার বিভাগ।
২. সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ।
৩. মহাপ্রশাসক, সরকারি অছি এবং সরকারি রিসিভার, ঢাকা ।
৪. মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ঢাকা (অধীনস্থ দপ্তরসমূহে অবগত করানোর অনুরোধসহ)।
৫. পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা।
৬. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ঢাকা।
৭. রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
৮. পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।

**জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
৩. প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৫. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১-১২৪

তারিখ ১৫ চৈত্র ১৪২৭
২৯ মার্চ ২০২১

## প্রজ্ঞাপন

করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সরকার নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছে:

ক) সকল ধরণের জনসমাগম (সামাজিক/ রাজনৈতিক/ ধর্মীয়/ অন্যান্য) সীমিত করতে হবে। উচ্চ সংক্রমণযুক্ত এলাকায় সকল ধরণের জনসমাগম নিষিদ্ধ করা হলো। বিয়ে/ জন্মদিনসহ যে কোন সামাজিক অনুষ্ঠান উপলক্ষ্যে জনসমাগম নিরুৎসাহিত করতে হবে;

খ) মসজিদসহ সকল ধর্মীয় উপাসনালয়ে যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;

গ) পর্যটন/ বিনোদন কেন্দ্র/ সিনেমা হল/ থিয়েটার হলে জনসমাগম সীমিত করতে হবে এবং সকল ধরণের মেলা আয়োজন নিরুৎসাহিত করতে হবে;

ঘ) গণপরিবহনে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং ধারণ ক্ষমতার ৫০ ভাগের অধিক যাত্রী পরিবহন করা যাবে না;

ঙ) সংক্রমণের উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকাতে আন্তঃজেলা যান চলাচল সীমিত করতে হবে; প্রয়োজনে বন্ধ রাখতে হবে;

চ) বিদেশ হতে আগত যাত্রীদের ১৪ দিন পর্যন্ত প্রাতিষ্ঠানিক (হোটেলে নিজ খরচে) কোয়ারেন্টিন নিশ্চিত করতে হবে;

ছ) নিত্য প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী খোলা/ উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি পরিপালনপূর্বক ক্রয়-বিক্রয়ের ব্যবস্থা করতে হবে; ওষুধের দোকানে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে;

জ) স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানসমূহে মাস্ক পরিধানসহ যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;

ঝ) শপিং মলে ক্রেতা-বিক্রেতা উভয়েরই যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে;

ঞ) সকল শিক্ষা প্রতিষ্ঠান (প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাদ্রাসা, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়) ও কোচিং সেন্টার বন্ধ থাকবে;

ট) অপ্রয়োজনীয় ঘোরাফেরা/ আড্ডা বন্ধ করতে হবে। জরুরি প্রয়োজন ছাড়া রাত ১০ টার পর বাইরে বের হওয়া নিয়ন্ত্রণ করতে হবে;

ঠ) প্রয়োজনে বাইরে গেলে মাস্ক পরিধানসহ সকল ধরণের স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে। মাস্ক পরিধান না করলে কিংবা স্বাস্থ্যবিধি লঙ্ঘিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ড) করোনায় আক্রান্ত/ করোনার লক্ষণযুক্ত ব্যক্তির আইসোলেশন নিশ্চিত করতে হবে। করোনায় আক্রান্ত ব্যক্তির ঘনিষ্ঠ সংস্পর্শে আসা অন্যান্যদেরও কোয়ারেন্টিন নিশ্চিত করতে হবে;

ঢ) জরুরি সেবায় নিয়োজিত প্রতিষ্ঠান ছাড়া সকল সরকারি-বেসরকারি অফিস/ প্রতিষ্ঠান/ শিল্প কারখানাসমূহ ৫০ ভাগ জনবল দ্বারা পরিচালনা করতে হবে। গর্ভবতী/ অসুস্থ/ বয়স ৫৫-উর্ধ্ব কর্মকর্তা/ কর্মচারীর বাড়িতে অবস্থান করে কর্মসম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ণ) সভা, সেমিনার, প্রশিক্ষণ, কর্মশালা যথাসম্ভব অনলাইনে আয়োজনের ব্যবস্থা করতে হবে;

ত) সশরীরে উপস্থিত হতে হয় এমন যে কোন ধরণের গণপরীক্ষার ক্ষেত্রে যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;

থ) হোটেল-রেঁস্তোরাসমূহে ধারণ ক্ষমতার ৫০ ভাগের অধিক মানুষের প্রবেশ বারিত করতে হবে;

দ) কর্মক্ষেত্রে প্রবেশ এবং অবস্থানকালীন সর্বদা বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ............................ তারিখ ............................

০২। উপরোক্ত সিদ্ধান্তসমূহ অবিলম্বে সারাদেশে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আপাততঃ ০২ (দুই) সপ্তাহ পর্যন্ত বলবৎ থাকবে।

০৩। সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২৯/৩/২১

**(ড. আহমদ কায়কাউস)**
**প্রধানমন্ত্রীর মুখ্য সচিব**

বিতরণ:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব/ সচিব,............................ (সকল)- *[নিজ মন্ত্রণালয়/ বিভাগসহ আওতাধীন দপ্তর/ সংস্থা/ অফিস/ প্রতিষ্ঠান কর্তৃক উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]*
৩. বিভাগীয় কমিশনার,............................ (সকল)
৪. জেলা প্রশাসক,............................ (সকল)
৫. ............................................

অনুলিপি:

১. প্রধানমন্ত্রীর প্রেস সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালি, ঢাকা
৩. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৪. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/ সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৫. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।